

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৩(১২)শুক্র: রপ্তানি ও বন্ড/৯৮/২১৬(১৭)

তারিখ : ২৮/০৫/২০০৫ ইং

অফিস আদেশ

বিষয় : বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্স নবায়নকরণ প্রসংগে।

সূত্রঃ জাতীয় রাজস্ব বোর্ডে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নং-৩(২১) শুক্র: রপ্তানি ও বন্ড/৯৮/ ১৯৬১-১৯৭২, তাং-২৬/১০/৯৮ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সূত্রে উল্লেখিত কার্যবিবরণীটি জাতীয় রাজস্ব বোর্ডে পুন: পর্যালোচনা করা হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট ব্যক্তি প্রতিষ্ঠানসমূহ জানায় যে, সকল প্রতিষ্ঠানের লাইসেন্স একই তারিখে অর্থাৎ ৩১ শে মার্চ নবায়ন করতে হলে প্রশাসনিক অসুবিধা দেখা দেয়। এতে লাইসেন্স নবায়নে দীর্ঘসূত্রিতারও অবতারণা হচ্ছে।

০২। বিষয়টি পর্যালোচনান্তে জাতীয় রাজস্ব বোর্ডে লাইসেন্স নবায়নের জন্য নিম্নে বর্ণিত সিদ্ধান্ত করছে :

(ক) সকল ধরনের রপ্তানিকারক বন্ডেড প্রতিষ্ঠানের বন্ডেড প্রতিষ্ঠানের লাইসেন্স নবায়নের জন্য ৩১ শে মার্চের পরিবর্তে লাইসেন্স ইস্যুর তারিখ হতে ১২ মাস হিসাব করতে হবে।

(খ) মেয়াদ শেষ হওয়ার পূর্বেই প্রচলিত বিধি-বিধান প্রতিপালন করে লাইসেন্স নবায়ন করার কার্যক্রম নিতে হবে।

০৩। জাতীয় রাজস্ব বোর্ডের নির্দেশক্রমে এ আদেশ জারী করা হলো।

(সৈয়দ মুসফিকুর রহমান)
দ্বিতীয় সচিব (শুক্রঃ রপ্তানী ও বন্ড)